"উদ্ভাবন ও উদ্যোক্তা উন্নয়ন একাডেমী প্রতিষ্ঠাকরণ" শীর্ষক প্রকল্প
বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
আইসিটি টাওয়ার, ১৫ তলা,প্লট: ই-১৪/এক্স, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

তারিখঃ ২৮ মে ২০২০

# লকডাউন সময়ে আইডিয়া প্রকল্প কর্তৃক গৃহীত প্রধান প্রধান কর্মকান্ড

**১। স্টার্টআপ বাংলাদেশ লিমিটেড কোম্পানির বোর্ড সভা আয়োজন**

- গত ৩১/০৩/২০২০ তারিখ বিকাল ৩:০০ টায় আইসিটি বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের উপস্থিতিতে এবং আইসিটি বিভাগের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে স্টার্টআপ বাংলাদেশ লিমিটেড কোম্পানির ১ম বোর্ড সভার আয়োজন করা হয়।
- সভায় বিসিসির নির্বাহী পরিচালকসহ কোম্পানির অন্যান্য পরিচালকবৃন্দের উপস্থিতিতে কোম্পানির এমডি নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা নির্ধারণ এবং নিয়োগ প্রক্রিয়াসহ নবগঠিত কোম্পানিটির অন্যান্য প্রয়োজনীয় বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

**২। Interoperable Digital Transaction Platform (IDTP) বাস্তবায়ন বিষয়ে চূড়ান্তকরণের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের সাথে আইসিটি বিভাগের সভা আয়োজন**

- গত ০৮/০৫/২০২০ তারিখ রাত ৯:০০ টায় আইসিটি বিভাগ, বাংলাদেশ ব্যাংক এবং IDTP প্রজেক্টের পরামর্শক প্রতিষ্ঠানের মধ্যে সভার আয়োজন করা হয়।
- সভায় আইসিটি বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়, আইসিটি বিভাগের সিনিয়র সচিব মহোদয়, বিসিসির নির্বাহী পরিচালক, আইডিয়া প্রকল্পের এডভাজরি বোর্ডের সদস্য জনাব জামিল আজহার, বাংলাদেশ ব্যাংকের নির্বাহি পরিচালক জনাব দেবদুলাল রায়, IDTP প্রজেক্টের পরামর্শক প্রতিষ্ঠান ওরিয়ন ইনফরমেটিক্সের ব্যবস্থাপনা পরিচালক জনাব ইকবাল হাবিবসহ সংশ্লিষ্ট অন্যান্য উর্ধতন কর্মকর্তাগণের উপস্থিতিতে আইসিটি বিভাগ কর্তৃক IDTP বাস্তবায়ন করার এবং বাংলাদেশ ব্যাংক এনইপিজি বাস্তবায়ন বাতিল করে IDTP বাস্তবায়নে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।
- ইতোপূর্বে আইসিটি বিভাগ কর্তৃক IDTP বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় কারিগরি পরিকল্পনা গ্রহণ সহ এ বিষয়ে আরও একাধিক সভা করা হয়েছে।

**৩। "এডুকেশন ফর ন্যাশন" প্ল্যাটফর্ম**

- দেশের সকল শিশুদের মাঝে শিক্ষা পৌঁছে দিতে বিশেষ করে বর্তমান পরিস্থিতিতে অনলাইনের মাধ্যমে শিক্ষার সুবিধা অব্যাহত রাখতে আইডিয়া প্রকল্প কর্তৃক "এডুকেশন ফর ন্যাশন" প্ল্যাটফর্ম তৈরির উদ্যোগ গ্রহণ করা হয়েছে।
- গত ২১/০৪/২০২০ তারিখ বিকাল ৪:০০টায় মাননীয় শিক্ষামন্ত্রী ডাঃ দিপু মনি, আইসিটি বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী জনাব জুনাইদ আহমেদ পলক, আইসিটি বিভাগের সিনিয়র সচিব জনাব এন এম জিয়াউল আলম এবং বিসিসির নির্বাহী পরিচালক জনাব পার্থপ্রতিম দেব এর উপস্থিতিতে এ সংক্রান্ত একটি সভার আয়োজন করা হয়। সভায় সুবিধাবঞ্চিত শিশুদের শিক্ষা প্রদানের লক্ষ্যে "আমার শিক্ষা" নামে একটি ভার্চুয়াল লার্নিং সেন্টার তৈরি করার সিদ্ধান্ত গৃহীত হয়।
- অনলাইন প্ল্যাটফর্মের সহায়তায় শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখতে পাইলটিং ফেইজে গত ২২/০৫/২০২০ এবং ২৩/০৫/২০২০ তারিখে ২টি ক্লাস সফল্ভাবে আয়োজন করা হয়েছে। আগামী জুন মাস থেকে অনলাইন প্ল্যাটফর্মের সহায়তায় নিয়মিতভাবে ক্লাসের আয়োজন করা হবে।

**৪। "হেলথ ফর ন্যাশন" প্ল্যাটফর্ম**

- দেশের সকল পর্যায়ে স্বাস্থ্যসেবা পৌঁছে দিতে বিশেষ করে বর্তমান পরিস্থিতিতে অনলাইনের মাধ্যমে সকলের নিকট স্বাস্থ্যসেবা সহজে নিশ্চিত করার লক্ষ্যে আইডিয়া প্রকল্প কর্তৃক "হেলথ ফর ন্যাশন" প্ল্যাটফর্ম তৈরির উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

- সংশ্লিষ্ট স্টেকহোল্ডারগণকে নিয়ে পরিকল্পনা সভা করা হয়েছে এবং ইতোমধ্যে "হেলথ ফর ন্যাশন" প্ল্যাটফর্ম বাস্তবায়নের লক্ষ্যে একাধিক সমন্বয় সভার আয়োজন করা হয়েছে।
- আইডিয়া প্রকল্প কর্তৃক অর্থায়নকৃত স্বাস্থ্যসেবা সংশ্লিষ্ট স্টার্টআপসমূহের সাথে একসাথে কাজ করার লক্ষ্যে এবং "হেলথ ফর ন্যাশন" প্ল্যাটফর্মের সফল বাস্তবায়নের উদ্দেশ্যে উক্ত স্টার্টআপসমূহের সাথে বেশ কয়েকটি সভার আয়োজন করা হয়েছে। আগামী ২৯/০৫/২০২০ তারিখে এ বিষয়ে পরবর্তী সভা অনুষ্ঠিত হবে।

**৫। "ফুড ফর ন্যাশন" প্ল্যাটফর্ম**

- দেশের কৃষকের কাছ থেকে ন্যায্যমূল্যে এক প্রান্ত থেকে অন্য প্রান্তে খাদ্য ও কৃষিপণ্য সংগ্রহ ও সরবরাহ করার মাধ্যমে সহজে ভোক্তার নিকট পৌঁছে দেবার লক্ষ্যে "ফুড ফর ন্যাশন" নামে একটি প্ল্যাটফর্ম তৈরির উদ্যোগ গ্রহণ করে যৌথভাবে আইডিয়া প্রকল্প এবং এটুআই। এছাড়া এই প্ল্যাটফর্মের বাস্তবায়নে সহযোগী প্রতিষ্ঠান হিসেবে রয়েছে কৃষি মন্ত্রণালয়, কৃষি বিপণন অধিদপ্তর, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ডাকা বিভাগ, সড়ক পরিবহণ বিভাগ, ই-ক্যাব এবং স্টার্টআপ বাংলাদেশ বা iDEA প্রকল্প কর্তৃক অর্থায়ঞ্কৃত এবং প্রকল্পের সরাসরি তত্বাবধানে পরিচালিত সংশ্লিষ্ট প্রায় ১২টি স্টার্টআপ প্রতিষ্ঠান।
- গত ২৩/০৫/২০২০ তারিখ বিকাল ৩:০০ টায় আইসিটি বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে আয়োজিত "ফুড ফর ন্যাশন" প্ল্যাটফর্মের উদ্বোধনী অনুষ্ঠানের শুভ উদ্বোধন করেন মাননীয় কৃষিমন্ত্রী ডঃ মোঃ আব্দুর রাজ্জাক এমপি। সভায় আসিটি বিভাগের সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়ের সচিব, বিসিসির নির্বাহী পরিচালক, আইডিয়া প্রকল্পের প্রকল্প পরিচালক, এটুআই এর প্রকল্প পরিচালকসহ অন্যান্য উর্ধতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।
- এছাড়া "ফুড ফর ন্যাশন" প্ল্যাটফর্মটি বাস্তবায়নের প্রক্রিয়ায় ইতোপূর্বে গত ২০/০৪/২০২০ তারিখে মাননীয় কৃষিমন্ত্রী এবং মাননীয় খাদ্যমন্ত্রীর সাথে সভার আয়োজন করা হয় এবং গত ১৬/০৫/২০২০ তারিখে মাননীয় কৃষিমন্ত্রী এবং আইসিটি বিভাগের মাননীয় প্রতিমন্ত্রীর সাথে সভার আয়োজন করা হয়।

**৬। সিলেকশন কমিটির ১২তম সভা আয়োজন**

- গত ১১/০৫/২০২০ এবং ১৩/০৫/২০২০ তারিখ সকাল ১০:৩০টা থেকে ১:৩০টা পর্যন্ত প্রকল্পের সিলেকশন কমিটির ১২তম সভা আয়োজন করা হয়।
- সভায় ১৫টি স্টার্টআপ তাদের প্রোজেক্ট উপস্থাপন করেন এবং এর মধ্যে ৯টি স্টার্টআপকে ১০ লক্ষ টাকা করে অনুদান প্রদান করার ব্যাপারে সিলেকশন কমিটির সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত অনুদান ২টি পৃথক ট্রাঞ্চে প্রদান করা হবে। গৃহীত সিদ্ধান্তের আলোকে অনুদান প্রদানের লক্ষ্যে অফিসিয়াল কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে এবং শীঘ্রই ৯টি স্টার্টআপকে তাদের অনুদানের টাকা প্রদান করা হবে।

**৭। পারফরম্যান্স মনিটরিং কমিটির ৮ম সভার আয়োজন**

- গত ২৪/০৪/২০২০ এবং ২৫/০৪/২০২০ তারিখ সকাল ১০:০০টা থেকে ২:০০টা পর্যন্ত প্রকল্পের পারফরম্যান্স মনিটরিং কমিটির ৮তম সভা আয়োজন করা হয়।
- ইতোপূর্বে ১ম ট্রাঞ্চের অর্থ প্রদান করা হয়েছে এরকম ১৮টি স্টার্টআপের ব্যবসার অগ্রগতি সভায় উপস্থাপন করা হয় এবং এর মধ্যে কিছু শর্তসাপেক্ষে এবং সুনির্দিষ্ট কিছু মাইলস্টোন অর্জনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করে ১৩টি স্টার্টআপকে তাদের অনুদানের পরবর্তী ট্রাঞ্চের টাকা প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**৮। রবি "আর-ভেঞ্চার" এর নির্বাচিত ১০টি স্টার্টআপকে তাদের অনুদানের টাকার চেক প্রদান**

- গত ১৭/০৫/২০২০ তারিখে রবি "আর-ভেঞ্চার" এর নির্বাচিত ১০টি স্টার্টআপকে তাদের অনুদানের টাকার চেক প্রদান করা হয়েছে।

সৈয়দ মজিবুল হক
প্রকল্প পরিচালক